

গাজিরটেক ইউনিয়ন পরিষদের জুলাই, ২০২৩ মাসের ইউনিয়ন টাফফোর্স কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ ইয়াকুব আলী

সভার তারিখ : ২৩-০৭-২০২৩ খ্রিঃ

সভার স্থান : গাজিরটেক ইউনিয়ন পরিষদ ভবন।

সভায় উপস্থিত সদস্যগণ : পরিশিষ্ট 'ক' তালিকা।

১নং প্রস্তাব ও সিদ্ধান্ত : অধ্যকার সভায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং বিগত অধিবেশনের কার্যবিবরণী পাঠ করিয়া শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন করা হয়।


২নং প্রস্তাব ও সিদ্ধান্ত : জন্ম ও মৃত্যু নিবন্ধনের গুরুত্ব সম্পর্কে প্রচার এবং এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি ও জন্ম ওয়ার্ড এবং অন্যান্য উপযুক্ত ফোরামে নিয়মিত আলোচনা।

অধ্যকার সভায় গাজিরটেক ইউনিয়নে জন্ম ও মৃত্যু নিবন্ধনের গুরুত্ব সম্পর্কে প্রচার এবং এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য ওয়ার্ড এবং অন্যান্য উপযুক্ত ফোরামে নিয়মিত আলোচনা করার জন্য বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। বিস্তারিত আলাচনায় দেখা যায় যে, চেয়ারম্যান সাহেব বলেন, আগামী ২০২৪ সালে মধ্যে সকল নাগরিকের জন্ম নিবন্ধন সম্পূর্ণ করতে হবে মর্মে সরকারের নির্দেশ রহিয়াছে। তাই সকলে এ বিষয়ে গুরুত্ব দিতে হবে। যার যতটুকু দায়িত্ব রয়েছে তাকে সেই দায়িত্বটুকু গুরুত্বসহকারে পালন করতে হবে। সুতরাং সকলকে এর গুরুত্ব সম্পর্কে প্রচার এবং এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য ওয়ার্ড এবং অন্যান্য উপযুক্ত ফোরামে নিয়মিত আলোচনা করতে হবে। এ ক্ষেত্রে অগ্রাধিকার ভিত্তিতে এই কাজ করতে হবে। তাই সকল ওয়ার্ডের গ্রাম-পুলিশদের সহযোগীতা করার জন্য নির্দেশ প্রদান করা হলো এবং অগ্রাধিকার ভিত্তিতে এই কাজ সম্পূর্ণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩নং প্রস্তাব ও সিদ্ধান্ত : স্বাস্থ্য বিভাগ ও পরিবার কল্যান বিভাগের মাঠকর্মী এবং গ্রাম-পুলিশ কর্মচারীদের মাধ্যমে জন্ম ও মৃত্যু সংক্রান্ত তথ্য সংগ্রহ, অভিনন্দনপত্র ও শোকবার্তাসহ জন্ম ও মৃত্যু নিবন্ধন আবেদন ফরম বিতরণ এবং নিবন্ধন শেষে সনদ বিতরণ প্রসঙ্গে আলোচনা।

অধ্যকার সভায় অত্র গাজিরটেক ইউনিয়নের স্বাস্থ্য বিভাগ ও পরিবার কল্যান বিভাগের মাঠকর্মী এবং গ্রাম-পুলিশ কর্মচারীদের মাধ্যমে জন্ম ও মৃত্যু সংক্রান্ত তথ্য সংগ্রহ, অভিনন্দনপত্র ও শোকবার্তাসহ জন্ম ও মৃত্যু নিবন্ধন আবেদন ফরম বিতরণ এবং নিবন্ধন শেষে সনদ বিতরণ প্রসঙ্গে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। বিস্তারিত আলাপ আলোচনা করার পর সর্ব সম্মতিক্রমে অনুমোদন পূর্বক উল্লিখিত সকলকে জন্ম ও মৃত্যু সংক্রান্ত তথ্য সংগ্রহ, অভিনন্দনপত্র ও শোকবার্তাসহ জন্ম ও মৃত্যু নিবন্ধন আবেদন ফরম বিতরণ এবং নিবন্ধন শেষে সনদ বিতরণ করার জন্য নির্দেশক্রমে পরামর্শ প্রদান করা হলো। এছাড়া সকলের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে সার্বিক ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়।

অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ ইয়াকুব আলী

সভাপতি

তাং ২৩-০৭-২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। উপপরিচালক, স্থানীয় সরকার শাখা, ফরিদপুর।

২। উপজেলা নির্বাহী অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর।

৩। উপজেলা..... কর্মকর্তা, চরভদ্রাসন, ফরিদপুর।

৪। জনাব,.....ইউপি সদস্য (সকল)গাজিরটেক, চরভদ্রাসন, ফরিদপুর।

৫। অফিস

মোঃ ইয়াকুব আলী

সভাপতি